যায়যায়দিন

তারিখ SEP. 21 2006
পৃষ্ঠা ২ কলাম ৮

লালমাটিয়া মহিলা কলেজে শনিবার থেকে ক্লাস বর্জন

# শিক্ষকদের বিরোধিতার মুখে এমপির পছন্দের লোককে প্রিন্সিপাল নিয়োগ

যাযাদি রিপোর্ট

লালমাটিয়া মহিলা কলেজের নতুন প্রিন্সিপাল হিসেবে নিয়োগ পেয়েছেন স্থানীয় এমপির আশীর্বাদপুষ্ট অবসরপ্রাপ্ত কর্নেল মোশারফ হোসেন। কলেজের শিক্ষকদের বিরোধিতার মুখে গতকাল বুধবার তাকে এ নিয়োগ দেয়া হয়। নতুন প্রিন্সিপালের নিয়োগের প্রতিবাদে শিক্ষকরা নানা কর্মসূচি হাতে নিয়েছেন। আজ সকালে কলেজ ক্যাম্পাসে অবস্থান করে প্রিন্সিপালকে কলেজে প্রতিহত করার ঘোষণা দিয়েছেন তারা। এছাড়া শিক্ষকরা শনিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের কর্মসূচি দিয়েছেন। জানা যায়, কোনো ডিগ্রি কলেজে তার শিক্ষকতার অভিজ্ঞতা না থাকায় কলেজের বেশির ভাগ শিক্ষক নিয়োগের বিরোধিতা করলে এমপির ক্যাডাররা তাদের ভয়ভীতি দেখায়। তারা দাবি করেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী কর্নেল (অব.) মোশারফের ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা নেই।

গতকাল বিকালে এ মিটিং শুরু হলে কলেজের অর্ধ শতাধিক শিক্ষক সেখানে গিয়ে গভর্নিং বডির চেয়ারম্যানের কাছে তাদের দাবি তুলে ধরেন। তারা বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. মাহবুবা সিদ্দিকীকে অধ্যক্ষ করার দাবি জানান। কিন্তু তাদের দাবিকে উপেক্ষা করে এমপির পছন্দের লোককেই প্রিন্সিপাল হিসেবে নিয়োগ দেয়া হয়। গভর্নিং বডির মিটিং চলাকালে ক্যাম্পাসে পুলিশ প্রহরা ও এমপির দলীয় ক্যাডাররা মহড়া দিয়েছিল বলে শিক্ষকরা জানান।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ যায়যায়দিনকে বলেন, মিটিং চলাকালে এমপি খন্দকার মাহাবুব উদ্দিন আহমাদ তাকে নতুন নিয়োগের বিরুদ্ধে শিক্ষকদের বিদ্রোহের জন্য উসকে দেয়ার অভিযোগ করেন। নিয়ম বহির্ভূতভাবেই তাকে নিয়োগ দেয়া হয়েছে বলে ড. মাহাবুবা সিদ্দিকী অভিযোগ করেন।

উল্লেখ্য, গত ১ সেপ্টেম্বর কলেজের অধ্যক্ষ নিয়োগের বিষয়ে গভর্নিং বডির মিটিং শিক্ষিকাদের প্রতিবাদের মুখে কোনো সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়েছিল।